অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/21/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল STATE UNIVERSITY OF NEW YORK AT BINGHAMTON-এ দেশের প্রথম পাবলিক ইউনিভার্সিটিতে স্বাধীন AI রিসার্চ সেন্টার শুরু করলেন

অ্যালামনাস টম সেকুন্ডার নেতৃত্বে দাতাদের একটি দল থেকে পাওয়া ঐতিহাসিক 30 মিলিয়ন মার্কিন ডলারের উপহার সিড তহবিল এবং 25 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল পেয়ে নতুন সেন্টারটি গবেষণার ক্ষেত্রে একদম নতুন আবিষ্কারকে অগ্রসর করবে এবং নিউ ইয়র্কবাসীর জন্য বিশ্বস্ত AI নিশ্চিত করতে সাহায্য করবে

Binghamton University-এর ইতিহাসে সবথেকে বড় উপহার যা SUNY-তে গবেষণা বাড়াতে এবং নিউ ইয়র্ককে AI নতুন আবিষ্কারের ক্ষেত্রে দেশের শীর্ষে বসাতে গভর্নর হকলের লক্ষ্যকে অগ্রসর করবে

গভর্নর হোকলের ঘোষণার ভিডিওটি দেখুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে State University of New York at Binghamton-এর ইতিহাসের সবথেকে বড় একাডেমিক উপহারের কথা ঘোষণা করেছেন, যা ইউনাইটেড স্টেটসের (US) যেকোনো ইউনিভার্সিটিতে সর্বপ্রথম স্বাধীন আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI) রিসার্চ সেন্টার হিসেবে সেন্টার ফর AI রেস্পন্সিবিলিটি অ্যান্ড রিসার্চ (Center for AI Responsibility and Research) স্থাপন করবে।

30 মিলিয়ন মার্কিন ডলারের দানের উপহারটি এসেছে Tom Secunda-এর (টম সেকুন্ডা) নেতৃত্বে দাতাদের একটি দলের কাছ থেকে, তিনি Binghamton University-এর একজন অ্যালামনাস এবং Bloomberg LP-এর কো-ফাউন্ডার, তিনি এছাড়াও এম্পায়ার AI কনসোর্টিয়াম (Empire AI consortium) বোর্ডের স্বাধীন চেয়ার হিসেবে কাজ করেন, এর সাথে যোগ হয়েছে State University of New York (SUNY) থেকে পাওয়া 25 মিলিয়ন মার্কিন ডলার গবেষণার ক্যাপিটাল বিনিয়োগ। ঘোষণাটি SUNY-এর গবেষণা এবং নিউ ইয়র্ককে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের মতো নতুন আসতে থাকা টেকনোলজির ক্ষেত্রে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য প্রয়োজনীয় আধুনিক ইনফ্রাস্ট্রাকচারের জন্য নিউ ইয়র্ক স্টেটের (New York State) চলমান আর্থিক সমর্থনের ভিত্তিতে হয়েছে।

এই ঘোষণাটি গভর্নর Hochul-এর (হোকল) এই দৃঢ় বিশ্বাসকে তুলে ধরে যে AI স্বাস্থ্য, নিরাপত্তা, এবং অর্থনৈতিক সুযোগের ক্ষেত্রে নতুন আবিষ্কার নিয়ে আসতে পারবে, এবং সেই প্রতিশ্রুতি

বাস্তব করার জন্য প্রয়োজন নিরাপদ, স্বচ্ছ, এবং বিশ্বস্ত ভিত্তি যা স্বাধীন গবেষণা থেকে পাওয়া যেতে পারে।

"আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স দ্রুত অগ্রসর হচ্ছে, এবং টেকনোলজি যেহেতু দিন দিন আমাদের সব কাজকে আরো বেশি প্রভাবিত করছে, তাই AI যাতে নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদে এবং দায়িত্বশীলভাবে কাজ করে তা নিশ্চিত করতে আমাদেরকে ঠিক তেমনই দ্রুত কাজ করতে হবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সেন্টার ফর AI রেস্পন্সিবিলিটি অ্যান্ড রিসার্চ একটি স্বাধীন গবেষণা শাখা হবে যা নিউ ইয়র্কবাসীকে স্বচ্ছতা এবং আস্থা দিবে যে AI এমনভাবে তৈরি এবং প্রয়োগ করা হচ্ছে যা জনগণের কল্যাণের জন্য ব্যবহার করা হবে, বিশেষ করে সরকারি খাতের অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে। এই চেষ্টা নিউ ইয়র্কের পলিসির নেতৃত্ব এবং SUNY-এর গবেষণা ও নতুন আবিষ্কারের জন্য বিনিয়োগের ক্ষেত্রে আমাদের স্থায়ী প্রতিশ্রুতিকে তুলে ধরে। SUNY Binghamton-এর প্রতি তাদের অসাধারণ প্রতিশ্রুতি এবং দায়িত্বশীল AI-এর জাতীয় মডেল তৈরিতে নিউ ইয়র্ক স্টেটের সাথে তাদের পার্টনারশিপের জন্য আমি Tom Secunda (টম সেকুন্ডা) এবং Secunda (সেকুন্ডা) পরিবারকে, এবং একই সাথে এই উদ্যোগকে সমর্থন করা দাতাদের বৃহত্তর দলকে ধন্যবাদ জানাতে চাই।"

Bloomberg LP-এর কো-ফাউন্ডার এবং এম্পায়ার AI বোর্ডের চেয়ার Tom Secunda (টম সেকুন্ডা) বলেন, "AI কী কী সম্ভব করবে সেই ব্যাপারে আমি আশাবাদী, নতুন বৈজ্ঞানিক আবিষ্কার, আরো ভালো স্বাস্থ্যের ফলাফল, আরো দৃঢ় পাবলিক সার্ভিস, এবং প্রোডাক্টিভিটির লাভ যা সুযোগ বাড়িয়ে দিবে, এবং আমি জনগণের কল্যাণে বিজ্ঞানকে অগ্রসর কোনো গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতির কারণে তাকে ধন্যবাদ জানাতে চাই। এইসব সুবিধা সম্পূর্ণ মাত্রায় পেতে আমাদেরকে এছাড়াও সঠিক উপায়ে আস্থা গড়তে হবে, স্বাধীন, যথাযথ গবেষণার মাধ্যমে যা সিস্টেমকে পরীক্ষা করতে পারবে, পারফরম্যান্সের পরিমাপ করতে পারবে, এবং ব্যাখ্যা করতে পারবে যে অ্যাডভান্সড মডেলগুলি কীভাবে সত্যিকারের বিশ্বের সেটিংয়ে কাজ করে। নতুন এই সেন্টারটি দেশের প্রয়োজনীয় সরঞ্জাম, স্ট্যান্ডার্ড, এবং প্রতিভার পাইপলাইন তৈরিতে সাহায্য করবে যাতে AI শুধু শক্তিশালী না, বরং একই সাথে নিরাপদ, স্বচ্ছ এবং জনগণের আস্থার যোগ্যও হতে পারে। এম্পায়ার AI-এর শেয়ার্ড কম্পিউটিং ইনফ্রাস্ট্রাকচারের সাথে যুক্ত হয়ে, Binghamton University নেক্সট জেনারেশনের AI অগ্রগতি যাতে কমিউনিটিকে শক্তিশালী করে এবং কী সম্ভব তা বাড়িয়ে দিতে পারে তা নিশ্চিত করার জন্য একটি জাতীয় চেষ্টায় নেতৃত্ব দিতে সাহায্য করতে পারবে।"

এম্পায়ার AI কনসোর্টিয়ামের মাধ্যমে AI-এর দায়িত্বশীল ব্যবহারের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের উপর ভিত্তি করে, Binghamton University-এর সেন্টার ফর AI রেস্পন্সিবিলিটি অ্যান্ড রিসার্চ দায়িত্বশীল, পুনরাবৃত্তি করা সম্ভব এমন, এবং স্বচ্ছ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের জন্য বিজ্ঞান এবং ইঞ্জিনিয়ারিং তৈরির জন্য দেশের শীর্ষস্থানীয় একাডেমিক কেন্দ্র হবে। এর লক্ষ্য হলো আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের মডেল এবং সিস্টেমের নিরাপত্তা, সুরক্ষা এবং স্বচ্ছতার বিষয়ে মৌলিক টেকনিক্যাল গবেষণার জন্য দেশের একমাত্র পাবলিক একাডেমিক কেন্দ্র হিসেবে কাজ করা, যাতে নিশ্চিত করা যায় যে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স জনগণের কল্যাণে কাজ করছে। এটি গঠন করার ফলে নিরাপদ, সমতার, এবং অ্যাক্সেসিবল AI গবেষণা ও বিকাশের আরো সুযোগ তৈরি হয়েছে যা নিউ ইয়র্কের প্রত্যেক কোণাকে লাভবান করবে, নিশ্চিত করবে যাতে এই শক্তিশালী সরঞ্জামগুলি নিরাপদ, ন্যায্য, এবং বুঝতে সহজ হয়। এম্পায়ার AI

কনসোর্টিয়ামের সহযোগিতায়, এটি জনগণের কল্যাণে একটি নতুন টেকনিক্যাল ডিসিপ্লিনের ক্ষেত্রে নিউ ইয়র্ককে সামনের দিকে রাখে এবং স্টেটে AI প্রতিভাদের আকৃষ্ট করবে।

Binghamton University হলো এম্পায়ার AI কনসোর্টিয়ামের প্রতিষ্ঠাতা সদস্য, এটি স্টেটের শীর্ষস্থানীয় সরকারি ও বেসরকারি গবেষণা ইউনিভার্সিটিগুলিকে সবথেকে আধুনিক AI কম্পিউটিং রিসোর্সের অ্যাক্সেস দিতে গভর্নর Hochul-এর (হোকলের) একটি যুগান্তকারী উদ্যোগ। SUNY এবং Binghamton University সেন্টারের নেতৃত্ব এবং অ্যাফিলিয়েটেড ফ্যাকাল্টির জন্য অবিলম্বে জাতীয় অনুসন্ধান শুরু করবে, সেন্টারের স্বাধীন গবেষণা মিশনকে এগিয়ে নেওয়ার জন্য একটি বিশ্বমানের দল তৈরি করবে এবং প্রমাণভিত্তিক ফলাফলকে বাস্তব অনুশীলনে রূপান্তরিত করবে এবং সেন্টারের জন্য পাওয়া তহবিলের সর্বোচ্চ ব্যবহার করার জন্য কাজ করবে।

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "SUNY এগিয়ে চলেছে, এবং গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্টেটের আইনসভা (Legislature) এবং Binghamton-এর অ্যালামনাস এবং টেকনোলজির নেতা Tom Secunda-এর (টম সেকুন্ডা) উদারতার জন্য ধন্যবাদ, আমাদের প্রতিভাবান ফ্যাকাল্টির সদস্য এবং স্টুডেন্টরা নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নজিরবিহীন গবেষণার সুযোগ পাচ্ছেন। ঐতিহাসিক এই বিনিয়োগটি SUNY-তে গবেষণা বাড়ানোর জন্য এবং আমরা যাতে AI সহ নতুন আসতে থাকা টেকনোলজির সবথেকে আধুনিক পর্যায়ে থাকতে পারি তা নিশ্চিত করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতির অংশ। গবেষণা এবং নতুন আবিষ্কারের জন্য SUNY-এর থেকে ভালো জায়গা আর নেই।"

SUNY ট্রাস্টি বোর্ড (Board of Trustees) বলেন, "দায়িত্বশীল AI হলো এমন টেকনোলজি তৈরি করা যেটিকে আমরা বিশ্বাস করতে পারি, এবং আমাদের SUNY ক্যাম্পাসগুলিতে আমাদের অসাধারণ ফ্যাকাল্টি এবং উচ্চাকাঙ্ক্ষী স্টুডেন্ট গবেষকদের জন্য সেরা সরঞ্জাম রয়েছে। AI গবেষণা এবং নতুন আবিষ্কারের প্রতি তাদের অসাধারণ প্রতিশ্রুতির জন্য গভর্নর Hochul (হোকল) এবং Tom Secunda-কে (টম সেকুন্ডা) আমরা অনেক ধন্যবাদ জানাচ্ছি।"

Binghamton University-এর প্রেসিডেন্ট Anne D'Alleva (অ্যান ডি'অ্যালেভা) বলেন, "সেন্টার ফর AI রেস্পন্সিবিলিটি অ্যান্ড রিসার্চ এমন একটি সময়ে নতুন আবিষ্কারের গবেষণা এবং স্কলারশিপ, নৈতিক নেতৃত্ব,এবং জনগণকে জড়িত করার সুযোগকে একত্রিত করবে যখন এই তিনটিই জরুরিভাবে প্রয়োজন। আমি গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের আইনসভার ভিশনারি সমর্থনের জন্য, এবং Tom Secunda-এর (টম সেকুন্ডা) অসাধারণ উদারতা এবং তার শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি তার ধারাবাহিক প্রতিশ্রুতির জন্য তাদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। একসাথে, আমরা এমন একটি গবেষণার পরিবেশ তৈরি করছি যা নিশ্চিত করছে যাতে AI কমিউনিটিগুলিকে শক্তিশালী করতে, আমাদের অর্থনীতিকে গঠন করতে, এবং জনগণের আস্থা অর্জন করতে পারে।"

স্টেটের সিনেটর Toby Ann Stavisky (টোবি অ্যান স্টাভিস্কি) বলেন, "নিউ ইয়র্ককে শুধু আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের বিকাশে নেতৃত্ব দিলে চলবে না, বরং একই সাথে এটি দায়িত্বশীলভাবে করতে হবে। SUNY Binghamton-এ এই ঐতিহাসিক বিনিয়োগ AI গবেষণার

কেন্দ্রে জনগণের মূল্যবোধকে যোগ করবে। দানশীল চেষ্টা যখন নিশ্চিত করে যে এই কাজটি সকলের সামনে, একটি সরকারি ইউনিভার্সিটিতে, সকল নিউ ইয়র্কবাসীর কল্যাণের জন্য হবে, তখন তা দারুন একটি ব্যাপার হবে। SUNY-কে নতুন আবিষ্কারের ক্ষেত্রে নেতৃত্ব দিতে দেয় এমন সরকার-বেসরকারি পার্টনারশিপের প্রতি তার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর Lea Webb (লিয়া ওয়েব) বলেন, "সিনেটের হায়ার এডুকেশন কমিটির (Senate Higher Education Committee) সদস্য এবং Binghamton University-এর অ্যালাম হিসেবে, আমি এমন একটি উদ্যোগকে সমর্থন করতে পেরে গর্বিত যা নিশ্চিত করছে যাতে সমতার সাথে, নিরাপদে, স্বচ্ছভাবে, এবং জনস্বার্থে AI-এর বিকাশ করা হয়। সেন্টার ফর AI রেস্পন্সিবিলিটি অ্যান্ড রিসার্চের জন্য এই ঐতিহাসিক বিনিয়োগ নিউ ইয়র্ককে দায়িত্বশীল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ক্ষেত্রে এগিয়ে রাখবে। আমরা SUNY Binghamton-এ এই কাজটি পরিচালনা করে এবং বিশ্বস্ত AI-এর জন্য একটি জাতীয় স্ট্যান্ডার্ড নির্ধারণ করে আমাদের স্টুডেন্টদের জন্য সুযোগ তৈরি করছি।"

অ্যাসেম্বলির সদস্য Joseph Angelino (জোসেফ অ্যাঞ্জেলিনো) বলেন, "Binghamton University-কে যে দারুন উপহারটি দেওয়া হয়েছে তা দেখে আমি খুশি। এইসব তহবিল দিয়ে তৈরি করা অত্যাধুনিক AI সেন্টারটি নিউ ইয়র্ককে AI-এর ক্ষেত্রে দেশের শীর্ষে পৌঁছাতে সাহায্য করবে। আমি দাতাদের ধন্যবাদ জানাতে চাই; আপনাদের উদারতাকে অস্বীকার করা হবে না।"

ব্রুম (Broome) কাউন্টির এক্সিকিউটিভ Jason Garnar (জ্যাসন গার্নার) বলেন, "এই বিনিয়োগটি Binghamton University এবং ব্রুম কাউন্টিকে অত্যাধুনিক AI রিসার্চ ও নতুন আবিষ্কারের সামনের সারিতে স্থাপন করে। আমাদের কমিউনিটির প্রতিভা এবং সম্ভাবনা বুঝতে পারার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। এই সেন্টারটি গবেষণা সম্ভব করবে, শীর্ষ প্রতিভাকে আকৃষ্ট করবে, এবং স্টুডেন্ট, ব্যবসা, এবং আমাদের কর্মশক্তির জন্য নতুন সুযোগ তৈরি করবে।"

এম্পায়ার AI আরো উচ্চাকাঙ্ক্ষী গবেষণার এজেন্ডা সম্ভব করছে এবং ইতিমধ্যেই বায়োটেকনোলজি এবং লাইফ সাইন্স থেকে শুরু করে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং, এবং সোশ্যাল সাইন্স পর্যন্ত সব ডিসিপ্লিনের আবিষ্কারের গতি বাড়ানোর জন্য আধুনিক কম্পিউটারের অ্যাক্সেস বাড়ানোর মাধ্যমে পুরো নিউ ইয়র্ক স্টেটের একাডেমিক গবেষকদের জন্য পরিমাপযোগ্য প্রভাব নিয়ে এসেছে। প্রথম দিকের প্রজেক্টগুলি গবেষকদেরকে জটিল বায়োলজিক্যাল এবং কেমিকেল ইন্টারেকশন আরো দ্রুত মডেল করতে, রোগ সনাক্ত করতে এবং চিকিৎসার নতুন পদ্ধতি বের করতে, এবং হেট স্পিচের মতো অনলাইন ক্ষতি কীভাবে প্রচার এবং বদলে যায় তা বুঝতে সাহায্য করেছে। State University of New York at Binghamton-এর নতুন সেন্টার ফর AI রেস্পন্সিবিলিটি অ্যান্ড রিসার্চ আস্থা এবং জনগণের স্বার্থে AI ব্যবহার করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা, সুরক্ষা, এবং স্বচ্ছতার উদ্দেশ্যে একটি স্বাধীন, জনগণের স্বার্থের গবেষণা ইঞ্জিন যোগ করার মাধ্যমে সেই গতিকে অগ্রসর করবে।

ক্যাপিটাল তহবিলের প্রতিশ্রুতির অংশ হিসেবে State University of New York at Binghamton একটি রিব্র্যান্ডিংয়ে অংশ নিবে যাতে SUNY-এর নাম ও লোগোকে পুরোপুরি যোগ করা যায়

যাতে গবেষণায় SUNY-এর নেতৃত্ব এবং নিউ ইয়র্ক স্টেটের সরকারি উচ্চশিক্ষা ব্যবস্থায় ক্যাম্পাসের ভূমিকার স্বীকৃতিকে আরো ধারাবাহিকভাবে তুলে ধরা যায় এবং বড় করা যায়। SUNY প্রত্যেক ইউনিভার্সিটি সেন্টারের সাথে তাদের নিজস্ব একইরকম ব্র্যান্ডিং প্রক্রিয়া নিয়ে কাজ করছে।

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমে, SUNY-এর চারটি অ্যাকাডেমিক হেলথ সেন্টার, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি ল স্কুল, দেশের সবথেকে পুরোনো মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ, 12টি এডুকেশনাল অপরচুনিটি সেন্টার (Educational Opportunity Centers), 30টির বেশি ATTAIN ডিজিটাল লিটারেসি ল্যাব আছে, এবং এটি US ডিপার্টমেন্ট অফ এনার্জির (Department of Energy) একটি ন্যাশনাল ল্যাবরেটরির (National Laboratory) ব্যবস্থাপনা করে। সামগ্রিকভাবে, SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স এবং প্রোগ্রাম, ধারাবাহিক শিক্ষা, এবং কমিউনিটির আউটরিচ প্রোগ্রামের পোর্টফোলিওতে প্রায় 1.7 মিলিয়ন শিক্ষার্থীর জন্য কাজ করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। ফিসক্যাল ইয়ার 2025-এ পুরো সিস্টেমে রিসার্চের জন্য প্রায় 1.5 বিলিয়ন মার্কিন ডলার খরচ হয়েছে, যার মধ্যে স্টুডেন্ট এবং ফ্যাকাল্টির উল্লেখজনক অবদান আছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, suny.edu ভিজিট করুন।

এম্পায়ার AI সম্পর্কে

এম্পায়ার AI হলো একটি অত্যাধুনিক AI কম্পিউটিং সেন্টার প্রতিষ্ঠার জন্য নিউ ইয়র্কের শীর্ষ সরকারি ও বেসরকারি ইউনিভার্সিটিগুলির মধ্যে একটি সাহসী পার্টনারশিপ, এটি SUNY-এর University at Buffalo-তে স্থাপন করা হয়েছে। কনসোর্টিয়ামে আছে Columbia University, Cornell University, CUNY, Icahn School of Medicine at Mount Sinai, New York University, Rensselaer Polytechnic Institute (RPI), University of Rochester, Rochester Institute of Technology, SUNY, এবং Flatiron Institute, এবং একই সাথে Tom Secunda (টম সেকুন্ডা) এবং Simons Foundation-এর মতো দানশীল সমর্থনকারী আছেন। এম্পায়ার AI এমন নিরাপদ, সমতার, এবং অ্যাক্সেসিবল AI গবেষণা ও বিকাশের পথে নেতৃত্ব দিচ্ছে যা নিউ ইয়র্কের অর্থনীতির প্রতিটি অংশকে লাভবান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন